# বাফুফে সভাপতির বিবৃতি – জুন ২০১৯

শুভেচ্ছা!

## বিশ্বকাপের মূল বাছাই পর্বে বাংলাদেশ

বিশ্বকাপের প্রাক-বাছাইয়ে লাওসের বিপক্ষে দুই লেগ মিলিয়ে ১-০ গোলের জয় লাভ করার মাধ্যমে বাংলাদেশ জাতীয় দল ২০২২ সালে অনুষ্ঠিতব্য ফিফা বিশ্বকাপ ও ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এএফসি এশিয়ান কাপের মূল বাছাই পর্ব নিশ্চিত করেছে।

গত ১১ জুন দেশের মাটিতে অনুষ্ঠিত লাওসের বিপক্ষে প্রাক বাছাইয়ের দ্বিতীয় লেগ গোল শূন্য ড্র করায় প্রথম লেগে রবিউলের করা একমাত্র গোলই লাল-সবুজ দলের মূল বাছাই নিশ্চিত করে।

রবিউলের করা সেই গোলেই গত ৬ জুন লাওসের রাজধানী ভিয়েনতিয়েনে অনুষ্ঠিত প্রাক বাছাইয়ের প্রথম লেগে লাওসের বিপক্ষে জয় লাভ করে বাংলাদেশ।

বাংলাদেশের ফুটবলপ্রেমিদের জন্য এটি অত্যন্ত আনন্দের একটি বিষয়। আমরা বিশ্বাস করি, দেশের ফুটবল ভক্তরা ফিফা বিশ্বকাপ ২০২২ এবং এএফসি এশিয়ান কাপ ২০২৩ বাছাইপর্বসহ অদূর ভবিষ্যতে অনুষ্ঠিত প্রতিযোগিতাগুলোতে জাতীয় দলকে আরো নিয়মিত ভালো খেলা উপহার দিতে দেখবেন।

## ফিফা র‍্যাঙ্কিং এ ১৮৩ তম অবস্থানে উঠে এলো বাংলাদেশ

গত ১৫ জুন প্রকাশিত ফিফা র‍্যাঙ্কিংয়ে ১৮৮ তম অবস্থান থেকে পাঁচ ধাপ এগিয়ে ১৮৩ তম অবস্থানে উঠে এলো বাংলাদেশ জাতীয় ফুটবল দল।

ফিফা বিশ্বকাপ ২০২২ ও এএফসি এশিয়ান কাপ ২০২৩ এর যৌথ প্রাক বাছাইয়ে লাওসের বিপক্ষে দুই লেগ মিলিয়ে ১-০ গোলের জয়ের পুরষ্কার হিসেবে এই র‍্যাঙ্কিং এই অগ্রগতি পেয়েছে লাল-সবুজ দল।

এর আগে গত ৯ মার্চ ফিফা কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ক্যাম্বোডিয়াকে ১-০ গোলে হারানোর পর এপ্রিলে প্রকাশিত র‍্যাঙ্কিং এ ১৯২ তম অবস্থান থেকে ১৮৮ তম অবস্থানে উঠে এসেছিলো বাংলাদেশ।

এশিয়ার ৪৬টি ফুটবল দলের মধ্যে বর্তমানে বাংলাদেশের অবস্থান ৩৮তম।

## এএফসি কাপের নকআউট পর্বে আবাহনী

বাংলাদেশ প্রিমিয়ার লিগের বর্তমান শিরোপাধারী আবাহনী লিমিটেড, ঢাকা প্রথমবারের মত এএফসি কাপ ২০১৯ এর নকআউট পর্বের টিকেট নিশ্চিত করেছে।

গ্রুপ পর্বের ছয় ম্যাচ খেলে আবাহনী মোট ১৩ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ 'ই' এর চ্যাম্পিয়ন হিসেবে জোনাল প্লে অফ সেমিফাইনালে পৌঁছেছে।

এই ছয়টি ম্যাচের চারটিতে জয়লাভ এবং আরো এক ম্যাচ ড্র করার মাধ্যমে প্রথম বাংলাদেশি ক্লাব হিসেবে আকাশী নীল দল এএফসি কাপের নকআউট পর্ব নিশ্চিত করলো।

আমরা ঢাকা আবাহনীকে তাদের এমন অসাধারণ অর্জনের জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। সেই সাথে আশা করি বাংলাদেশের ফুটবলের জন্য ক্লাবটি বার বার এমন সম্মান বয়ে আনবে।

## ফরটিস বাফুফে একাডেমিতে নিযুক্ত হলেন তিন নতুন কোচ

তৃণমূল থেকে উঠে আসা অ-১৮ ও অ-১৫ প্রতিভাবান খেলোয়াড়দের জন্য উন্নত প্রশিক্ষণ নিশ্চিত করতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন ফরটিস বাফুফে একাডেমিতে সেরা মানের তিনজন ব্রিটিশ কোচ নিয়োগ করেছে।

এই তিন ব্রিটিশ কোচ হলেন – প্রধান একাডেমি কোচ অ্যান্ড্রু পিটার টার্নার, জাতীয় যুব কোচ রবার্ট ম্যারিন রাইলস এবং গোলকিপিং কোচ রবার্ট অ্যান্ড্রু মিমস।

গত ১৩ জুন বাফুফে এই তিন কোচের সাথে এক বছর মেয়াদী চুক্তি করে। ইতোমধ্যেই তাঁরা একাডেমিতে যোগদান করেছেন এবং তাঁদের কাজ শুরু করেছেন।

আমরা বিশ্বাস করি নতুন এই কোচগণ স্থানীয় কোচদেরকে সাথে নিয়ে তাঁদের সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে একাডেমির খেলোয়াড়দের প্রতিভার বিকাশ নিশ্চিত করবেন।

## প্রশিক্ষণ নিতে ব্রাজিলে চার ক্ষুদে ফুটবল প্রতিভা

উন্নত ও আধুনিক ফুটবলের প্রশিক্ষণ নিতে চার কিশোর ফুটবলার বর্তমানে ব্রাজিলের সোসিদাদে এস্পোর্তিভা দো গামা ক্লাবে অবস্থান করছে।

এই চার ফুটবলার হলো – ডিফেন্ডার নাজমুল হোসাইন আকন্দ, মিডফিল্ডার ওমর ফারুক মিঠু, মোঃ লতিফুর রহমান নাহিদ এবং ফরোয়ার্ড জোগেন লাকরা।

একমাস ব্যাপী প্রশিক্ষণে তাদেরকে আধুনিক ফুটবলের নানা দিক সম্পর্কে শেখানো হবে।

দেশের ফুটবলের উন্নয়নকল্পে নেয়া পদক্ষেপের অংশ হিসেবে ক্রীড়া বিভাগ এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এই চার খেলোয়াড়কে ব্রাজিলে পাঠানোর ব্যবস্থা করেছে।

ব্রাজিলের উদ্দেশ্যে রওনা হওয়ার পূর্বে গত ২৬ জুন খেলোয়াড়েরা আমার সাথে দেখা করেছে।

আমি বিশ্বাস করি তারা আগের চেয়েও অনেক ভালো মানের ফুটবলার হিসেবে দেশে ফিরে আসবে।

## সাবিনা খাতুনের এএফসি বি সার্টিফিকেট কোচিং লাইসেন্স অর্জন

গত ২০ জুন বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন তাঁর এএফসি বি সার্টিফিকেট কোচিং লাইসেন্স অর্জন করেছেন।

এছাড়াও, একই দিনে বাংলাদেশ নারী দলের সহকারী কোচ লিটু তাঁর এএফসি এ সার্টিফিকেট কোচিং লাইসেন্স অর্জন করেন।

দুই দিন পর আরো সাতজন কোচ তাঁদের এএফসি এ সার্টিফিকেট অর্জন করেন।

## যথাযথভাবে অনুষ্ঠিত হচ্ছে অ-১৬ নারী জাতীয় চ্যাম্পিয়নশিপ

গত ২০ জুন দেশব্যাপী শুরু হয়েছে বাফুফে-ইউনিসেফ অ-১৬ নারী জাতীয় চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর প্রথম রাউন্ড।

তৃণমূল থেকে প্রতিভাবান নারী খেলোয়াড়দেরকে তুলে আনার লক্ষ্য নিয়ে শুরু হওয়া এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে দেশের মোট ছয়টি ভেন্যুতে।

## জেএফএ অ-১৪ নারী চ্যাম্পিয়নশিপ ২০১৯ অনুষ্ঠিত

জেএফএ অ১-৪ জাতীয় নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর প্রথম পর্ব অনুষ্ঠিত হয়েছিলো গত ১৭-২৮ জুন।

দেশের ছয়টি ভেন্যুতে অনুষ্ঠিত এ টুর্নামেন্টে এ বছর মোট ৪০টি জেলা অংশগ্রহন করেছে।

নারীদের মধ্যে ফুটবলের আগ্রহ ছড়িয়ে দেয়ার লক্ষ্যে জাপান ফুটবল অ্যাসোসিয়েশনের আর্থিক সহায়তায় বাফুফে নারী ফুটবল কমিটি প্রতি বছর এই টুর্নামেন্টের আয়োজন করে।

## সি সার্টিফিকেট কোচিং কোর্স শুরু

গত ২৮ জুন রাজধানীর মতিঝিলে অবস্থিত বাফুফে ভবনে শুরু হয় বাফুফে এএফসি সি লাইসেন্স কোচিং কোর্স।

এটি ১৪ দিনব্যাপী এই কোচিং কোর্সের ষষ্ঠ আয়োজন।

অন্যান্য বছরের মত এবারও ন্যাশনাল টেকনিক্যাল অ্যান্ড স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল থমাস স্মলি কোচটি পরিচালনা করছেন।

মানসম্মত খেলোয়াড় গড়ে তোলার লক্ষ্যকে সামনে রেখে কোচদেরকে উন্নত প্রশিক্ষণ দেয়ার জন্য বাফুফে সার্টিফিকেট কোচিং কোর্সগুলোর আয়োজন করে।

## নারী ফুটবল রেফারি রিফ্রেশার্স কোর্স ২০১৯ অনুষ্ঠিত

বাফুফের আয়োজনে গত ১৩-১৬ জুন অনুষ্ঠিত হয় নারী ফুটবল রেফারি রিফ্রেশার্স কোর্স ২০১৯।

খেলা পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় উন্নত কৌশল সম্পর্কে দেশের নারী রেফারিদেরকে প্রশিক্ষিত করার লক্ষ্যে বাফুফে কোর্সটির আয়োজন করে।

রাজধানীর মতিঝিলে অবস্থিত বাফুফে ভবনে অনুষ্ঠিত এই কোর্সে অংশগ্রহন করেন দেশের বিভিন্ন জেলা থেকে আগত মোট ২৬ জন নারী রেফারি।

প্রশিক্ষন শেষে অংশগ্রহণকারী প্রত্যেক রেফারিকে সনদপত্র প্রদাণ করা হয়।

## বাফুফে এএফসি ‘সামাজিক দায়বদ্ধতা’ প্রোগ্রামের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত

বাফুফের আয়োজনে এই জুনে অনুষ্ঠিত হল এএফসি ‘সামাজিক দায়বদ্ধতা’ প্রোগ্রামের দ্বিতীয় পর্ব।

ইংল্যান্ডের ফুটবল এসোসিয়েশন (এফএ) এবং কোচেস অ্যাক্রস দ্যা কন্টিনেন্ট (সিএসি) থেকে আগত কোচদের সহায়তায় গত ১৭ জুন কক্সবাজারে শুরু হওয়া এই প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন হয়েছে।

উক্ত প্রোগ্রামের অধীনে ফুটবল ম্যাচ, কোচিং প্রশিক্ষণ, কর্মশালা, জার্সি বিতরণসহ নানা ধরনের ফুটবল সংক্রান্ত বিভিন্ন আয়োজন অনুষ্ঠিত হয়।

এছাড়া, উক্ত প্রোগ্রামের অধীনে রাজধানীর পথশিশুদের জন্য ফুটবল প্রশিক্ষনের ব্যবস্থাও করে বাফুফে।

## আগামী মৌসুমের ক্যালেন্ডার অনুমোদন দিল নির্বাহী কমিটি

গত ২১ জুন বাফুফের নির্বাহী কমিটি এর ১৫তম নিয়মিত সভার আয়োজন করে এবং সেখানে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্তও গ্রহণ করে।

২০১৯-২০ অর্থবছরের জন্য গৃহীত সরকারের জাতীয় বাজেটে বাফুফেকে ২০ কোটি টাকা বরাদ্দ দেয়ায় সভার পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অর্থমন্ত্রী আহম মুস্তাফা কামালকে ধন্যবাদ জানানো হয়।

বাংলাদেশ প্রিমিয়ার লিগের চলতি মৌসুমের সবগুলো খেলা ৩১ জুলাই এর মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

জেএফএ অ-১৪ জাতীয় নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৯ এবং বাফুফে ইউনিসেফ অ-১৬ জাতীয় নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর বর্তমান অবস্থা, সমস্যা এবং সম্ভাবনা নিয়েও সভায় আলোচনা করা হয়।

নির্বাহী কমিটির উক্ত সভায় সর্বসম্মতিক্রমে বাফুফের ২০১৯-২০ মৌসুমের ক্যালেন্ডার গৃহীত হয়।